## ২১। নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদকালে কতিপয় বিধানের অপ্রযোজ্যতা
## (অনুচ্ছেদ ৫৮ক)

**সুপারিশ ঃ**

**২১। সংবিধানের অনুচ্ছেদ ৫৮ক এর বিলুপ্তি।**—সংবিধানের অনুচ্ছেদ ৫৮ক বিলুপ্ত হইবে।

## ২২। নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার
## [২ক পরিচ্ছেদ (অনুচ্ছেদ ৫৮খ, ৫৮গ, ৫৮ঘ, ৫৮ঙ)]

**২২। সংবিধানের ২ক পরিচ্ছেদের বিলুপ্তি।**—সংবিধানের ২ক পরিচ্ছেদ বিলুপ্ত হইবে।

## ২৩। সর্বাধিনায়কতা
## (অনুচ্ছেদ ৬১)

**২৩। সংবিধানের অনুচ্ছেদ ৬১ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ৬১ এর "নিয়ন্ত্রিত হইবে এবং যে মেয়াদে ৫৮খ অনুচ্ছেদের অধীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকিবে সেই মেয়াদে উক্ত আইন রাষ্ট্রপতি কর্তৃক পরিচালিত হইবে" শব্দগুলির পরিবর্তে "নিয়ন্ত্রিত হইবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

## ২৪। সংসদে নারী আসন
## (অনুচ্ছেদ ৬৫)

**সুপারিশ ঃ**

**২৪। সংবিধানের অনুচ্ছেদ ৬৫ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ৬৫ এর

(ক) দফা (৩) এর "পঁয়তাল্লিশটি আসন" শব্দগুলির পরিবর্তে "পঞ্চাশটি আসন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) দফা (৩) এর পর নিম্নরূপ দফা (৩ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ

"(৩ক) সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অবশিষ্ট মেয়াদে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত তিন শত সদস্য এবং (৩) দফায় বর্ণিত পঞ্চাশ মহিলা-সদস্য লইয়া সংসদ গঠিত হইবে।"।

## ২৫। সংসদ-সদস্য প্রার্থী হইবার যোগ্যতা ও অযোগ্যতা
## (অনুচ্ছেদ ৬৬)

**সুপারিশ ঃ**

**২৫। সংবিধানের অনুচ্ছেদ ৬৬ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ৬৬ এর-

(ক) দফা (২) এর (ঘঘ) উপ-দফা এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(ঙ) তিনি ১৯৭২ সালে বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন যে কোন অপরাধের জন্য দণ্ডিত হইয়া থাকেন ;" ;

(খ) দফা (২ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২ক) ও দফা (২খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(২ক) এই অনুচ্ছেদের দফা (২) এর উপ-দফা (গ) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইয়া কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে এবং পরবর্তীতে উক্ত ব্যক্তি—

(ক) দ্বৈত নাগরিকত্ব গ্রহণের ক্ষেত্রে, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করিলে; কিংবা

(খ) অন্য ক্ষেত্রে, পুনরায় বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ করিলে-